

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা।


স্মারক নং-৪৬.০৮৩.০১১.০১.০১.০০৯.২০১৫-২৩৪

তারিখঃ ২৩ ফাল্গুন ১৪২৩
০৭ মার্চ, ২০১৭

বিষয়ঃ পানি বিষয়ক আঞ্চলিক সম্মেলন ২০১৭ এ অংশগ্রহণকারী দেশসমূহের মন্ত্রী মহোদয়ের জন্য প্রটোকল সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৮ - ৩০ জুলাই ২০১৭ তারিখে বাংলাদেশে অনুষ্ঠিত পানি বিষয়ক আঞ্চলিক সম্মেলন ২০১৭ অনুষ্ঠিত হবে। সম্মেলনে দক্ষিণ এশিয়া, পূর্ব এশিয়া এবং এশিয়া প্যাসিফিক অঞ্চলের মোট ২৯ টি দেশ অংশগ্রহণ করবে। প্রতিটি দেশের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীসহ মোট ৩ (তিন) জনের একটি প্রতিনিধি দল সম্মেলনে উপস্থিত থাকবেন।

০২। এমতাবস্থায়, সম্মেলনে অংশগ্রহণকারী ২৯ (উনত্রিশ) টি দেশের মাননীয় মন্ত্রীবর্গের সার্বক্ষনিক প্রটোকলের বিষয়ে প্রশাসন ক্যাডারের ২৯ (উনত্রিশ) জন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ২৭-৩১ জুলাই ২০১৭ তারিখ পর্যন্ত এ বিভাগে ন্যস্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



মোঃ খাইরুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।